

## 4082 - কোন নারী কি আগে রম্যানের কায়া রোয়া রাখা শুরু রাখবেন; নাকি ছয় রোয়া

### প্রশ্ন

ঈদের দিনের পর থেকে শাওয়ালের যে ছয় রোয়া রাখা হয় কোন নারী হায়েয়ের কারণে রম্যানের যে রোয়াগুলো তার ছুটে গেছে সেগুলো কি আগে শুরু করবে, এরপর ছয় রোয়া রাখবে; নাকি কিভাবে করবে?

### প্রিয় উত্তর

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস “যে ব্যক্তি রম্যানের রোয়া রাখল এরপর শাওয়াল মাসে ছয়টি রোয়া রাখল সে যেন গোটা বছর রোয়া রাখল।”[সহিহ মুসলিম (১৯৮৪)-এ উদ্বৃত সওয়াব যদি তিনি পেতে চান তাহলে তার উচিত হবে প্রথমে রম্যানের রোয়াগুলো পূর্ণ করা। এরপর শাওয়ালের ছয় রোয়া রাখা; যাতে করে তার উপর হাদিসের বাণী প্রযোজ্য হয় এবং উল্লেখিত সওয়াব পেতে পারে।

কিন্তু, যদি বৈধতার দিক দেখা হয় তাহলে কায়া রোয়াগুলো পালন করার ক্ষেত্রে পরবর্তী রম্যান প্রবেশ করার পূর্ব পর্যন্ত বিলম্ব করা তার জন্য জায়েয়।